# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০১৯/৩৩৫৮(২) তারিখ : ২৭/১০/২০১৯

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্র প্রদানের বিজ্ঞপ্তিঃ

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তসাপেক্ষে আগামী ০১/১২/২০১৯ ইং তারিখ হতে ৩১/০১/২০২০ ইং তারিখ পর্যন্ত ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তন করা যাবে।

**ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে নিম্নলিখিত শর্ত পালন করতে হবে:**

ক) ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে প্রতিষ্ঠান নির্ধারিত নূন্যতম যোগ্যতা (জিপিএ) অনুসরণ করতে হবে।

খ) প্রতিষ্ঠান নির্ধারিত শাখা ভিত্তিক আসন সংখ্যার মধ্যে কেবল মাত্র আসন ফাঁকা থাকা সাপেক্ষে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করা যাবে।

গ) বোর্ড কর্তৃক সরবরাহকৃত কলেজ পরিবর্তনের আবেদনপত্রে অধ্যয়নরত কলেজে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর পঠিত বিষয় সমূহের সাথে বদলীকৃত কলেজের পাঠদানের বিষয় সমূহের মিল থাকলে শুধুমাত্র সেক্ষেত্রে অধ্যক্ষ ছাড়পত্রের আবেদনপত্রে সুপারিশ ও স্বাক্ষর করবেন। অন্যথায় এর সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।

ঘ) ছাড়পত্র গ্রহণের স্বপক্ষে প্রামাণ্য কাগজপত্র আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

ঙ) আবেদনপত্রের সাথে এসএসসি/সমমানের পরীক্ষার নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

চ) ছাড়পত্রের আবেদন ফরম অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.dinajpureducationboard.gov.bd হতে সংগ্রহ করতে হবে।

ছ) বদলী ইচ্ছুক কলেজে আসন শুন্য না থাকলে এবং ভর্তির ক্ষেত্রে নূন্যতম যোগ্যতা (জিপিএ) পূরণ না হলে অধ্যক্ষ ছাড়পত্রের আবেদনপত্রে কোনক্রমেই **"আসন শুন্য নেই"** মর্মে স্বাক্ষর করবেন না।

২৭/১০/১৯
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
২৭/১০/২০১৯

অধ্যক্ষ,
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ সমূহ

FARAZDIN-2019-S

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

## "ছাড়পত্রের আবেদন ফরম"

বরাবর
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

বিষয়ঃ ছাড়পত্রের জন্য আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি বর্তমানে .................................................................... কলেজের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী। নিম্নবর্ণিত কারণে আমি .................................................................... কলেজে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি হতে ইচ্ছুক। অনুগ্রহ পূর্বক আমাকে ছাড়পত্র প্রদান করে ভর্তির অনুমতি দানে মর্জি হয়।

আমার প্রয়োজনীয় তথ্য নিম্নে প্রদান করা হ'ল ঃ

০১। নাম ঃ ....................................................................................................

০২। (ক) পিতার নাম ঃ ....................................................................................................

(খ) মাতার নাম ঃ ....................................................................................................

০৩। বর্তমান কলেজের নাম ঃ .................................................................... EIIN ....................

ডাকঘরঃ ....................................উপজেলাঃ ....................................জেলাঃ ....................................

বিভাগ .................... শ্রেণী .................... রোল নম্বর .................... শিক্ষাবর্ষ ....................

০৪। ভর্তিচ্ছু কলেজের নাম ঃ .................................................................... EIIN....................

ডাকঘরঃ ....................................উপজেলাঃ ....................................জেলাঃ ....................................

০৫। অধ্যয়ণরত পাঠ্য বিষয় ঃ

১) বাংলা ২) ইংরেজী ৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ৪) .................................... ৫) ....................................

৬) ....................................................৭) ....................................................(৪র্থ বিষয়)।

০৬। এস.এস.সি পাশের রোল নং .................................... রেজিস্ট্রেশন নং- ....................................পাশের সন ....................

প্রাপ্ত জিপিএ................ বোর্ড ............................

০৭। ছাড়পত্র গ্রহণের কারণ ঃ (অভিভাবক-এর বদলী/অনিবার্য/যুক্তিগ্রাহ্য কারণের প্রামান্য কাগজপত্র আবেদনের সঙ্গে যুক্ত করতে হবে)।

০৮। জমাকৃত সোনালী সেবার রশিদ নং- .................................... তারিখঃ .................... শাখার নাম ....................................

শিক্ষার্থীর পূর্ণ নাম ও স্বাক্ষর ঃ

**বর্তমান কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন**

আবেদনকারী অত্র কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীর একজন নিয়মিত শিক্ষার্থী। ৫নং ক্রমিকে বর্ণিত বিষয়সহ এই বোর্ডে তার নাম রেজিষ্ট্রেশনের ব্যবস্থা নেয়া হয়েছে। ইতোমধ্যে এই কলেজ ব্যতীত অত্র বোর্ডের বা অন্য বোর্ডের আওতাধীন অন্য কোন কলেজ থেকে তার নাম রেজিষ্ট্রেশনের জন্য বোর্ডে প্রেরণ করা হয়নি। আবেদনকারী শিক্ষার্থীর এসএসসি/সমমানের মূল ট্রান্সক্রিপ্ট অত্র কলেজে সংরক্ষিত আছে।
প্রত্যায়িত বিষয়সমূহ সত্য ও সঠিক। বোর্ড অনুমতি প্রদান করলে ছাড়পত্র ইস্যু ও মূল ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে।

অধ্যক্ষের মোবাইল নং- ........................ অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

**ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন**

অত্র কলেজে .................... শাখায় ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীতে বোর্ড কর্তৃক ................ আসন বরাদ্দের বিপরীতে ............ জন অধ্যয়নরত আছে এবং ভর্তিরক্ষেত্রে ন্যুনতম জিপিএ প্রাপ্তির শর্ত পূরণ হয়েছে বিধায় ক্রমিক-১ বর্ণিত শিক্ষার্থীদের দ্বাদশ শ্রেণীতে .............. তম শিক্ষার্থী হিসেবে ৫ নং ক্রমিকে বর্ণিত বিষয়সহ ছাড়পত্র প্রদানের জন্য সুপারিশ করা হলো।

অধ্যক্ষের মোবাইল নং- ........................ অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

বিশেষ দ্রষ্টব্যঃ ৫ নং ক্রমিকে বর্ণিত বিষয়সহ শিক্ষার্থী যে কলেজে প্রথম ভর্তি হয়েছে সে কলেজই তার রেজিষ্ট্রেশনের ব্যবস্থা গ্রহণ করবে; কোন অবস্থাতেই ছাড়পত্রের মাধ্যমে ভর্তি গ্রহণকারী কলেজ তার রেজিষ্ট্রেশন করাতে পারবে না। উল্লেখ্য, ভিন্ন বোর্ড থেকে ছাড়পত্রের মাধ্যমে আগত শিক্ষার্থীদের ভর্তির পূর্বেই দিনাজপুর শিক্ষা বোর্ড থেকে বিধি মোতাবেক ছাড়পত্রের অনুমতির ব্যবস্থা গ্রহন করতে হবে।

## ছাড়পত্র বিষয়ক গুরুত্বপূর্ণ নির্দেশনাঃ

১। শিক্ষার্থীর মূল কলেজেই রেজিষ্ট্রেশনের কাজ সম্পন্ন করতে হবে। কোন ভাবেই ছাড়পত্রের মাধ্যমে নতুনভাবে ভর্তিকৃত কলেজ হতে এ কাজ সম্পন্ন করা যাবে না।

২। অনিয়মিত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া হয় না।

৩। শিক্ষাবর্ষের শুরুতে বোর্ড কর্তৃক নির্ধারিত আসন খালি থাকা/হওয়া সাপেক্ষে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করানো যাবে। ছাড়পত্রের মাধ্যমে কোন ভাবেই আসন সংখ্যার অতিরিক্ত ভর্তি করা যাবে না।

৪। ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ আবেদনপত্রে তখনই সম্মতি প্রদান করবেন যখন শিক্ষার্থীর পঠিত বিষয়সমূহ তাঁর কলেজে অভিন্ন আছে।

৫। প্রতিটি কলেজ কতজন শিক্ষার্থীকে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতির জন্য সুপারিশ করছে তার রেজিস্ট্রার তৈরী করবে এবং ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ তাঁর প্রত্যয়নে রেজিস্ট্রারে শিক্ষার্থীর ক্রমিক নং উল্লেখ করবে।

৬। ছাড়পত্র গ্রহণের স্বপক্ষে প্রামাণ্য কাগজপত্র আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

৭। আবেদনপত্রের সাথে এসএসসি/সমমানের পরীক্ষার নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

৮। বদলী ইচ্ছুক কলেজে আসন শুন্য না থাকলে এবং ভর্তির ক্ষেত্রে নুন্যতম যোগ্যতা (জিপিএ) পূরণ না হলে অধ্যক্ষ ছাড়পত্রের আবেদনপত্রে কোনক্রমেই "আসন শুন্য নেই" মর্মে স্বাক্ষর করবেন না।

৯। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশসহ বোর্ডের কলেজ পরিদর্শক এর দপ্তরে পৌছাতে হবে। উল্লেখ্য, উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশ প্রাপ্তির অনধিক ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে আবেদন পত্র বোর্ডে জমা দিতে হবে।

১০। ছাড়পত্রের অনুমতি ফি বাবদ ১০০০.০০ (এক হাজার) টাকা সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে বোর্ডের নির্ধারিত একাউন্ট নম্বরে অত্র বোর্ডের সচিব এর অনুকূলে জমা দিতে হবে।

১১। বোর্ড কর্তৃক ছাড়পত্রের আদেশ জারির ১৫ (পনের) দিনের মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করে বোর্ডকে অবহিত করতে হবে। উল্লেখ্য, ভিন্ন বোর্ড থেকে ছাড়পত্রের মাধ্যমে আগত শিক্ষার্থীদের ভর্তির পূর্বেই দিনাজপুর শিক্ষা বোর্ড থেকে বিধি মোতাবেক ছাড়পত্রের অনুমতির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং রেজিষ্ট্রেশন ফি বাবদ প্রয়োজনীয় টাকার ব্যাংক ড্রাফট, পূরণকৃত এসআইএফ এবং সংশ্লিষ্ট বোর্ডের রেজিস্ট্রেশন কার্ডসহ যথারীতি বোর্ডে জমা দিতে হবে।

১২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিজীবী পিতা বা মাতার বদলি জনিত কারণে কোন শিক্ষার্থীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেয়ার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে বদলিকৃত কর্মকর্তা/কর্মচারির বদলির আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদানপত্র দেখালে সংশ্লিষ্ট চাকুরিজীবীর সন্তানকে বদলিকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করে নেয়া যাবে। এক্ষেত্রে, কলেজ কর্তৃপক্ষকে এ ধরনের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

১৩। অধ্যক্ষের স্বাক্ষর গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র ও সোনালী সেবার মাধ্যমে ফি জমাদানের রশিদ সহ আবেদনপত্রটি কলেজ শাখায় কলেজ পরিদর্শক/সহকারী কলেজ পরিদর্শক এর নিকট হতে যাচাই করতে হবে। তারপর আবেদনপত্রটি কলেজ শাখায় জমা দিতে হবে।

১৪। শিক্ষার্থী তার ছাড়পত্রের অনুমতি আদেশ বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করবে। এর জন্য তাকে **www.dinajpureducationboard.gov.bd** এর **College Corner** (কলেজ সংক্রান্ত আদেশ) এ ক্লিক করতে হবে। অতঃপর প্রদত্ত শিক্ষার্থী তার নিজের আদেশটি **Print** করে নিবে। এই আদেশের প্রেক্ষিতে ভর্তিকৃত কলেজ থেকে **TC** নিয়ে প্রার্থীত কলেজে ভর্তি হবে।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।